



বিজ্ঞপ্তি

বিষয়: বিশ্ব পর্যটন দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা

আগামী ২৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখে “বিশ্ব পর্যটন দিবস ২০২০” উদযাপিত হবে। উক্ত দিবসের মূল প্রতিপাদ্য “Tourism and Rural Development”। বিশ্ব পর্যটন দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, নাটোর স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে:

চিত্রাঙ্কন প্রতিযোগিতা

বিভাগ	পর্যায়	চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিষয়	মন্তব্য
‘ক’ বিভাগ	১ম হতে ৫ম শ্রেণি	পর্যটন স্থান সংক্রান্ত চিত্রকর্ম	অংশগ্রহণকারীগণ আগামী ২৬/০৯/২০২০ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে জেলা শিশু একাডেমীতে অংকিত চিত্রকর্ম জমা প্রদান করবেন।
‘খ’ বিভাগ	৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি		

রচনা প্রতিযোগিতা

বিভাগ	পর্যায়	রচনা প্রতিযোগিতার বিষয়	মন্তব্য
‘ক’ বিভাগ	৫ম হতে ৮ম শ্রেণি	“Tourist spots in your district” অথবা “তোমার জেলার পর্যটন স্থানসমূহ”	অংশগ্রহণকারীগণ আগামী ২৬/০৯/২০২০ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে হাতে লেখা রচনার স্ক্যানকৃত পিডিএফ কপি acgennatore@mopa.gov.bd ঠিকানায় ই-মেইলযোগে জমা প্রদান করবেন।
‘খ’ বিভাগ	৯ম হতে ১২শ শ্রেণি	“Tourism and Rural Development” অথবা “পর্যটন এবং গ্রামীণ উন্নয়ন”	

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলি:

- ❖ রচনা ইংরেজি অথবা বাংলা ভাষায় লিখতে হবে এবং ৫০০ শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে;
- ❖ নিজ হাতে চিত্রাঙ্কন করতে হবে ও রচনা লিখতে হবে;
- ❖ চিত্রাঙ্কন এবং রচনা জমা প্রদানের সময় নিজের ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী/বিভাগ, বর্ষ, রোল ও শাখা এবং মোবাইল নম্বর যোগাযোগের জন্য উল্লেখ করতে হবে;
- ❖ রচনা ও চিত্রকর্ম বর্ণিত পদ্ধতিতে প্রেরণ করতে হবে;
- ❖ বিচারকদের রায় চূড়ান্ত বলে বিবেচিত হবে;

উল্লেখ্য যে, অংশগ্রহণকারীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মাঝে আগামী ২৭/০৯/২০২০ খ্রি: দুপুর ১২.০০ ঘটিকায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে পুরস্কার বিতরণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ নাদিম সারওয়ার)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

নাটোর

টেলিফোন: +৮৮ ০৭৭১ ৬৬৭৭৮

ই-মেইল: adcgnatore@mopa.gov.bd